ঢাকা মহানগরীর পরিচ্ছন্নতা কার্যক্রম বাস্তবায়ন ও পরিবীক্ষণ বিষয়ক সভা অনুষ্ঠিত
ঢাকা, ২৬ অক্টোবর ২০২৬:

ঢাকা মহানগরীকে পরিচ্ছন্ন, বাসযোগ্য ও পরিবেশবান্ধব নগরী হিসেবে গড়ে তোলার লক্ষ্যে পরিচ্ছন্নতা কার্যক্রম জোরদার, নিয়মিত পরিবীক্ষণ এবং সংশ্লিষ্ট সংস্থাগুলোর মধ্যে সমন্বয় বৃদ্ধির ওপর গুরুত্বারোপ করা হয়েছে। এ লক্ষ্যে প্রধানমন্ত্রীর নির্দেশনায় গঠিত ২০টি পরিবীক্ষণ টিমকে কার্যকরভাবে কাজে লাগানো এবং পরিচ্ছন্নতা কার্যক্রমে অনিয়ম ও অবহেলা রোধে কঠোর পদক্ষেপ গ্রহণের বিষয়ে আলোচনা হয়েছে।
আজ সোমবার বিকেল ৩টায় তেজগাঁওয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের শাপলা হলে অনুষ্ঠিত ঢাকা মহানগরীর পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম বাস্তবায়ন ও পরিবীক্ষণ বিষয়ক সভায় সভাপতিত্ব করেন গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী আহম্মদ সোহেল মনজুর এমপি। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মীর শাহে আলম এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্য সচিব এ বি এম আব্দুস সাত্তার।
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের আওতাধীন ২০টি অঞ্চলের আঞ্চলিকভিত্তিক কমিটি এবং কেন্দ্রীয় উপদেষ্টা কমিটির সদস্যরা সভায় অংশগ্রহণ করেন। এ সময় প্রধানমন্ত্রীর কার্যালয়ের পরিচালক (প্রশাসন)সহ সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।
সভায় পরিচ্ছন্নতা কার্যক্রমে অনিয়ম ও অবহেলা প্রতিরোধ, এডিস মশার প্রজননস্থল শনাক্তকরণ এবং সরকারি আবাসন ও সংশ্লিষ্ট স্থাপনায় পরিচ্ছন্ন পরিবেশ নিশ্চিত করার ওপর গুরুত্ব দেওয়া হয়। নিয়ম লঙ্ঘনের ক্ষেত্রে আইনানুগ ব্যবস্থা গ্রহণ, জরিমানা এবং সরকারি আবাসন বরাদ্দের শর্ত ভঙ্গের ক্ষেত্রে প্রযোজ্য ব্যবস্থা গ্রহণের বিষয়েও আলোচনা হয়।
নগরীর জলাধার ও পরিবেশের উন্নয়নে হাতিরঝিল, ধানমন্ডি, বনানী ও গুলশান লেকের পরিচ্ছন্নতা এবং সৌন্দর্য ফিরিয়ে আনার উদ্যোগ নিয়েও সভায় আলোচনা হয়। পাশাপাশি ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের আওতাধীন খাল পুনঃখনন, গাইড ওয়াল নির্মাণ এবং নেটিংয়ের মাধ্যমে খালগুলোর পরিবেশ উন্নয়নের কার্যক্রমের বিষয়টি গুরুত্ব পায়। নগরীর বর্জ্য ব্যবস্থাপনা আরও কার্যকর করতে টেকসই ডাস্টবিন স্থাপনের উদ্যোগ নিয়েও আলোচনা করা হয়।
সভায় সংশ্লিষ্ট কমিটিগুলোর নিয়মিত পরিবীক্ষণ, কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা এবং দায়িত্বপ্রাপ্ত সংস্থাগুলোর মধ্যে সমন্বয় জোরদারের ওপর গুরুত্বারোপ করা হয়। সমন্বিত উদ্যোগ ও কার্যকর তদারকির মাধ্যমে ঢাকা মহানগরীর পরিচ্ছন্নতা কার্যক্রমে দৃশ্যমান অগ্রগতি অর্জনের প্রত্যাশা ব্যক্ত করা হয়।